# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।

স্মারক নং- উশটাখা/২০১৯-৪(১), তারিখঃ- ০২/০১/২০১৯খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীন উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স কার্যালয়ে নিম্নবর্ণিত পদে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা ও যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও শ্রেনী | জনবলের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | স্টোর কীপার | ০১ | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | অনুমোদিত যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে; |

*শর্তাবলী:*

১। আবেদনকারীকে **মাননীয় চেয়ারম্যান(প্রতিমন্ত্রী পদমর্যাদা) ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স,খাগড়াছড়ি** বরাবরে চাকুরীর আবেদন ফরম কম্পিউটারে/স্বহস্তে পুরন পূর্বক প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত আবেদন ২নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ০৩ ফেব্রুয়ারি,২০১৯খ্রি. তারিখ রোজ রবিবার বিকেল ০৫.০০ ঘটিকার মধ্যে অত্রাফিসে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত বা আবেদন গ্রহণ করা হবে না।

২। আবেদনকারীর আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্রের ফটোকপি এবং সদ্য তোলা ০৩(তিন)কপি পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) জাতীয় পরিচয় পত্রের(NID) অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র।

(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) আনসার ও ভিডিপি সদস্য প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থণে সংশ্লিষ্ট সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র।

(ঝ) প্রথম শ্রেনীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঞ) আবেদনপত্রের সাথে **''চেয়ারম্যান(প্রতিমন্ত্রী পদমর্যাদা),ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থী প্রত্যাবাসন ও পূনর্বাসন এবং অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি"** বরাবর পরীক্ষার ফি বাবদ ৪০০/-(চারশত) টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক,খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং-২০০০২৪৫৩৩-এ জমা দিয়ে জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে।

৩। প্রার্থীর বয়স ৩১/০১/২০১৯খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এস.এস.সি বা সমমান পরীক্ষার সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। সরকারি বিধি মোতাবেক পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠি(উপজাতি) ও অ-উপজাতীয় স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রার্থীতার বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এরূপ প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্রের অনুলিপি দাখিল করতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে দরখাস্ত পৌঁছাতে হবে। দরখাস্তের কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

৫। চাকুরীর আবেদন ফরম অত্রাফিসের নোটিশ বোর্ড হতে পাওয়া যাবে। চাকরির আবেদন ফরম-এ প্রার্থীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে এবং উক্ত স্বাক্ষর একই/অভিন্ন হতে হবে।

৬। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং খাগড়াছড়ি,রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৭। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় সকল প্রকার মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি বিধান এবং কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১০। সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

১১। ভূয়া তথ্য সম্বলিত/ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগের পূর্বে বা পরবর্তী যে কোন সময়ে আবেদনকারীর প্রদত্ত তথ্য ভূয়া প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিল করা হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

স্বাক্ষরিত/-
০২/০১/২০১৯খ্রি.
**(কুজেন্দ্র লাল ত্রিপুরা এমপি)**
চেয়ারম্যান(প্রতিমন্ত্রী পদমর্যাদা)
ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং
অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স
খাগড়াছড়ি পার্বত্য জেলা।